



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা, ঢাকা

মনিটরিং বিভাগ

ওয়েবসাইট: www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি


স্মারক নং: ১২.০৬.০০০০.২২১.০৬.০০৩.২৬. ২২/৫

তারিখ: ১৩ জুলাই, ২০২৬

বিষয়ঃ ২৮ জুন, ২০২৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত দপ্তর/সংস্থার সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৩ অধিশাখার স্মারক নং- ১২.০০.০০০০.০০০.০২১.০৬.০১৩১.২৫.২৮১ ও ২৮২; তারিখ: ১২.০৭.২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৮ জুন, ২০২৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সম্পর্কিত স্ব-স্ব বিভাগের আওতাধীন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৪ জুলাই, ২০২৬ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।



মো. আ. ছাত্তার গাজী
প্রধান (মনিটরিং), বিএডিসি
ফোন: ০২-২২৩৩৮০৯৪৯

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বিএডিসি, ঢাকা।
২. প্রধান (মনিটরিং)/প্রধান (পরিকল্পনা), বিএডিসি, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (তদন্ত/ক্রয়/অর্থ/বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান/পাটবীজ/এএসসি), বিএডিসি, ঢাকা।
৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী (সেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৬. প্রধান সমন্বয়কারী, গবেষণা সেল, বিএডিসি, ঢাকা।
৭. যুগ্মপরিচালক (নিওক/সওকা/সংস্থাপন/সা.প.), বিএডিসি, ঢাকা।
৮. যুগ্মপরিচালক (নিওক/সওকা/সংস্থাপন/সা.প.), বিএডিসি, ঢাকা।
৯. যুগ্মপ্রধান (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (GPMS), বিএডিসি, ঢাকা।
১০. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১১. উপপরিচালক (আইন), বিএডিসি, ঢাকা।
১২. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা।

সদয় অবগতির জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য পরিচালক (সেচ/সার ব্যবস্থাপনা/অর্থ/বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ পৃষ্ঠা।

কৃষি মন্ত্রণালয়ে ২৮ জুন, ২০২৬ মাসের সমন্বয় সভায় গৃহীত বিএডিসি সম্পৃক্ত সিদ্ধান্তসমূহ:

ক্র. নং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	শূন্যপদে জনবল নিয়োগ ও পদোন্নতি	ক. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং জনবল নিয়োগের তথ্য প্রশাসনিক শাখায় প্রেরণ করতে হবে। খ. ভূতাপেক্ষ পদ সংরক্ষণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ পরিহার করতে হবে। অর্থবছরের শুরুতেই পদ সংরক্ষণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুগ্মপরিচালক (নিওক), বিএডিসি। (কৃষি মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট শাখায় প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
২.	জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ ও ২০২৫ এর সিদ্ধান্ত বাস্তবায়ন	জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ ও ২০২৫ এর স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসে প্রেরণ করতে হবে।	প্রধান (মনিটরিং), মহাব্যবস্থাপক (বীজ)/ সার, প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), প্রধান (পরিকল্পনা), বিএডিসি।
৩.	ডি-নথি কার্যক্রম	কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার দাপ্তরিক কার্যক্রমের ন্যূনতম ৮৫% ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।	কম্পিউটার প্রোগ্রামার আইসিটি সেল, বিএডিসি।
৫.	ওয়েবসাইট হালনাগাদকরণ	ক) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটের তথ্য হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে। খ) দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবিত নতুন জাত, প্রযুক্তি এবং বর্তমান সরকারের উল্লেখযোগ্য কার্যক্রমের ভিডিও ক্লিপিং প্রচারের নিমিত্ত কৃষি তথ্য সার্ভিসে প্রেরণ করতে হবে।	ক) কম্পিউটার প্রোগ্রামার আইসিটি সেল, বিএডিসি। খ) মহাব্যবস্থাপক (বীজ/ সার), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি।
৭.	নতুন অর্গানোগ্রাম প্রস্তুতকরণ	কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়ার সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করতে হবে।	যুগ্মপরিচালক (সওব্য), বিএডিসি।
৯.	গবেষণার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি	ক) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন ধরনের উচ্চ ফলনশীল হাইব্রিড জাত ও প্রযুক্তি ব্যবহার করে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বেসরকারি খাতের সাথে সংযোগ তৈরি করতে হবে। খ) ব্রি, বারি ও বিনা কর্তৃক উদ্ভাবিত জাতগুলোর আপগ্রেডের কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া গবেষণার মাধ্যমে উন্নত বৈশিষ্ট্যসম্পন্ন জাত উদ্ভাবনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ), প্রধান সমন্বয়কারী (গবেষণা সেল), বিএডিসি।
১১.	পেনশন সংক্রান্ত	সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অবসর সুবিধা প্রদানের আবেদন অবসরে যাওয়ার ০৩ মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। অডিট আপত্তির কারণে কোনো পেনশন কার্যক্রম ৬ মাস বা তার অধিক সময় অনিষ্পন্ন থাকলে তার তথ্য দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করবেন।	হিসাব নিয়ন্ত্রক, মহাব্যবস্থাপক (বীজ/ সার ব্যবস্থাপনা/ অর্থ), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), যুগ্মপরিচালক (সংস্থাপন), বিএডিসি।
১২.	অডিট আপত্তি নিষ্পত্তি	অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য মন্ত্রণালয় কর্তৃক ত্রিপক্ষীয় সভা এবং দপ্তর/সংস্থা কর্তৃক দ্বিপক্ষীয় সভার সংখ্যা বৃদ্ধি করে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে।	নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি।

ক্র. নং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১৩.	জমিজমা ও মামলা সংক্রান্ত	১. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার বেদখলকৃত জমি উদ্ধারের বিষয়ে গৃহীত ব্যবস্থার সর্বশেষ অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের আইন অধিশাখায় প্রেরণ করতে হবে। ২. প্রত্যেক দপ্তর/সংস্থার স্ব স্ব মালিকানাধীন জমির রেকর্ড হালনাগাদ রাখতে হবে। দপ্তর/সংস্থার মালিকানাধীন জমিতে বাউন্ডারি দেয়াল/কাটাতীরের বেড়া নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার মামলার হালনাগাদ প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে আইন শাখায় প্রেরণ করতে হবে। ৪. মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার সর্বশেষ অবস্থা সম্পর্কে হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে। ৫. কৃষি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মামলাগুলো প্রশাসনিক ট্রাইবুনালে সিডিউলভুক্ত করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(১) যুগ্মপরিচালক (সা.প.), বিএডিসি। (কৃষি মন্ত্রণালয়ের আইন অধিশাখায় প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।) (২) মহাব্যবস্থাপক (বীজ/ সার /উদ্যান/পাটবীজ/ এএসসি), প্রধান প্রকৌশলী (নির্মাণ/ ক্ষুদ্রসেচ/সওকা), যুগ্মপরিচালক (সা.প.), বিএডিসি। ৩. উপপরিচালক (আইন), বিএডিসি। (কৃষি মন্ত্রণালয়ের আইন শাখায় প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।) ৪. উপপরিচালক (আইন), বিএডিসি। ৫. যুগ্মপরিচালক (সা.প.), উপপরিচালক (আইন), বিএডিসি।
১৪.	GPMS বিষয়ক কার্যক্রম	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বর্তমানে সরকার সংস্কার ও জনসেবাকে অগ্রাধিকার বিবেচনায় সরকারি কার্যক্রমকে অধিক দক্ষ, জবাবদিহিমূলক, জনকল্যাণমুখী, কার্যকর ও গতিশীল করার জন্য এপিএ এর পরিবর্তে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রণয়ন করতে হবে।	১. প্রধান (পরিকল্পনা), বিএডিসি। ২. যুগ্মপ্রধান (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (GPMS), বিএডিসি।
১৫.	সার ও বীজ কৃষকদের মাঝে বিতরণ	১. বিভিন্ন ধরনের সার ও বীজ ন্যায্য দামে কৃষকদের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সার নিয়ে কোনো কৃত্রিম সংকট, অনিয়ম বা বেশি দামে বিক্রির অভিযোগ পাওয়া গেলে ডিলারের বিরুদ্ধে তাত্ক্ষণিক ব্যবস্থা নিতে হবে এবং নিয়মিত মনিটরিং কার্যক্রমকে জোরদার করতে হবে। ২. বিভিন্ন প্রকারের সারের নাম, পরিমাণ ও মূল্য (ভর্তুকি বাদে প্রকৃত মূল্য ও কৃষক পর্যায়ে বিক্রয় মূল্য) বস্তা/প্যাকেটের গায়ে সুস্পষ্টভাবে লেখা থাকতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ/সার), বিএডিসি। মহাব্যবস্থাপক (সার), বিএডিসি।
১৬.	তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম	‘তথ্য অধিকার আইন-২০০৯’ অনুযায়ী তথ্য সরবরাহ ও তথ্য অধিকার বিষয়ক মাসিক প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মহাব্যবস্থাপক (তদন্ত), বিএডিসি। (কৃষি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৭.	প্রকল্প/কর্মসূচি ও মাঠ পরিদর্শন	দপ্তর/সংস্থার পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত গুরুত্বপূর্ণ মতামত/ সুপারিশসমূহ সভায় উপস্থাপন করতে হবে।	প্রধান (মনিটরিং), বিএডিসি।
১৮.	প্রকল্পের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ	প্রকল্প পরিচালকদের নিয়ে দপ্তর/সংস্থার প্রধানগণ প্রতি মাসে পর্যালোচনা সভা করে তার কার্যবিবরণী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	

ক্র. নং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	গোপনীয় নথি
১৯.	বৃক্ষরোপণ কার্যক্রম	সরকারের নির্বাচনী অঞ্চীকার বাস্তবায়নে ০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় কৃষি মন্ত্রণালয় ০৫ বছরে ০৩ কোটি বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। চলতি ২০২৫-২৬ অর্থ বছরের কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন বৃক্ষরোপণে যৌক্তিক হারে জৈবসার প্রয়োগসহ কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে। পাশাপাশি বৃক্ষরোপণে সার বিতরণে অনিয়মের সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (উদ্যান), বিএডিসি।
২০.	Plant Varieties Protection Rules প্রণয়নের উদ্যোগ	Plant Varieties Protection Rules প্রণয়ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. মহাব্যবস্থাপক (বীজ/উদ্যান/এএসসি) ২. প্রধান সমন্বয়কারী, গবেষণা সেল, বিএডিসি
২১.	বীজ পর্যবেক্ষণ কার্যক্রম	মাঠ পর্যায়ে বীজে বিভিন্ন প্রজাতির সংমিশ্রণের বিষয়ে মহাপরিচালক বীজ, চেয়ারম্যান, বিএডিসি ও সংশ্লিষ্ট কর্মকর্তার সমন্বয়ে সভা আয়োজন করে যথাযথ পর্যবেক্ষণ তুলে নিয়ে আসতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি
২২.	বজ্রপাত নিরোধক যন্ত্র স্থাপন কার্যক্রম গ্রহণ	মাঠ পর্যায়ে বজ্রপাত নিরোধক যন্ত্র স্থাপনের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সাথে সমন্বয়পূর্বক কর্মসূচি/প্রকল্প গ্রহণ করা যাবে কিনা এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রধান (পরিকল্পনা)/ প্রধান প্রকৌশলী (সেচ/সওকা), বিএডিসি
২৩.	অতিবৃষ্টির কারণে জলাবদ্ধতা ও বন্যা পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ সংক্রান্ত	অতিবৃষ্টির কারণে জলাবদ্ধতা ও বন্যার সার্বিক প্রস্তুতি গ্রহণ ও গৃহীত প্রস্তুতি কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পাক্ষিক প্রতিবেদন প্রশাসন-৫ অধিশাখায় প্রেরণ করতে হবে।	প্রধান (পরিকল্পনা), বিএডিসি (কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৫ অধিশাখায় প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
২৪.	মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অফিসে অবস্থান	মাঠ পর্যায়ের কর্মকর্তারা সঠিক সময়ে অফিসে অবস্থান করে কিনা সে বিষয়ে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।	১. সচিব, বিএডিসি ২. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি ৩. মহাব্যবস্থাপক (বীজ/উদ্যান/এএসসি/পাটবীজ) ৪. প্রধান প্রকৌশলী (সেচ/সওকা/নির্মাণ), বিএডিসি

১৬/০৭/২৬

১৬.০৭.২৬
(মোঃ রাসেদুল হাসান)
উপপ্রধান-২
মনিটরিং বিভাগ
বিএডিসি, ঢাকা।